# সম্প্রীতি

জানুয়ারি,২০২২

"সামাজিক সংযোগ উন্নতিকরন প্রকল্প" এর কার্যক্রম সম্পর্কিত বুলেটিন। কক্সবাজারের উখিয়া এবং টেকনাফের রাজাপালং, হোয়াইক্যং, হ্নীলা ইউনিয়ন এবং রোহিঙ্গা ও স্থানীয়দের মধ্যে 'সামাজিক সংযোগ' উন্নয়নের লক্ষ্যে ইউএনএইচসিআর-এর সহযোগিতায় কোস্ট ফাউন্ডেশন এর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।

### সামাজিক সংযোগ প্রকল্পের আওতায় সনদপত্র বিতরণ সম্পন্ন

## ৯৩ জন স্থানীয় তরুণ-তরুণীকে কোস্ট ফাউন্ডেশন তিনটি ট্রেডে দুই মাস মেয়াদী প্রশিক্ষণ সমাপ্তকারীদের মধ্যে সনদপত্র বিতরণ করেন





*ivRvcvjs BDwbqb cwil‡`i †Pqvig¨vb Rvnv•Mxi Kexi †PŠaixi wbKU n‡Z mb`cÎ Ges eB MÖY Ki‡Q KwμúDUvi cwkÿY m¤úbœKvix weDwU eoqv| Qwe-RjwdKvi †nvmvBb|*

২০২১সালের ২৬শে ডিসেম্বর, কোস্ট ফাউন্ডেশন ইউএনএইসসিআর-এর সহযোগিতায ড্রাইভিং, বেসিক কম্পিউটার লার্নিং এবং বৈদ্যুতিক হাউস ওয়্যারিং এর উপর দুই মাসের প্রশিক্ষণ সম্পন্নকারী অংশগ্রহণকারীদের সার্টিফিকেট, বই এবং ড্রাইভিং লার্নার্স প্রদান করেছে। এই উপলক্ষে কোস্ট ফাউন্ডেশন উখিয়ার নুরুল ইসলাম চৌধুরী বিএম টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজে এক অনুষ্ঠানের আয়োজন করে। এসময় অনুষ্ঠানে রাজাপালং ইউপি চেয়ারম্যান জাহাঙ্গীর কবির চৌধুরী, উখিয়া উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মো: আইয়ুব আলী, ইউপি ওয়ার্ড সদস্য খুরশিদা হক ও মীর শাহেদ চৌধুরী, সাংবাদিক নুর মোহাম্মদ শিকদার, হুমায়ুন কবির জুশান, ফারুক আহমেদ, অ্যাডভোকেট এটিএম রশিদ প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে, কোস্ট ফাউন্ডেশন এবং ইউএনএইসসিআর তরুণদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের সম্পুর্ন বিষয়ের উপর একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা প্রদান করেন। এরপর উপস্থিত অতিথিবৃন্দ তাদের বক্তব্য রাখেন এবং যুবকদের শিক্ষাকে তার কর্মজীবনে কাজে লাগাতে পরামর্শ দেন। অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা প্রশিক্ষণ এবং তাদের পরিকল্পনা সম্পর্কে তাদের অভিজ্ঞতার কথা বলেন। প্রধান অতিথির বক্তৃতায় জাহাঙ্গীর কবির চৌধুরী বলেন, "কোস্টের মত অন্যান্য দু একটি সংস্থা স্থানীয় উন্নয়নের কথা চিন্তা করে, এটি একটি মহৎ কাজ যে, কোস্ট স্থানীয় তরুণ-তরুণীদের প্রশিক্ষণ দিয়েছে। এখন সেই প্রশিক্ষিত তরুণ-তরুণীরা যেকোনো চাকরি বা চাকরি পাওয়ার ক্ষেত্রে সুবিধা পাবেন। আমি স্বপ্ন দেখি, রাজা পালং একটি মডেল ইউনিয়ন হবে। কিন্তু, এক্ষেত্রে বড় একটি চ্যালেঞ্জ হলো বেকারদের জন্য কর্মসংস্থান সৃষ্টি করা। আমি এই ধরনের উদ্যোগের জন্য কোস্টকে ধন্যবাদ জানাতে চাই যা আমার স্থানীয় তরুণ-তরুণীদের কর্মসংস্থান তৈরি করতে সাহায্য করবে"। উল্লেখ্য, কোস্ট রাজাপালং, হোয়্যাইকং এবং হ্নিলা ইউনিয়নে মোট ৯৩ জন যুবককে ড্রাইভিং, বেসিক কম্পিউটার লার্নিং এবং ইলেকট্রিকাল হাউস ওয়্যারিং বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করে। কোস্ট এই প্রশিক্ষিতদের র্কমসংস্থান তৈরির সুযোগ সৃষ্টি করতে কাজ করছে।



**"স্থানীয় তরুণ-তরুণীদের কারিগরি দক্ষতা বৃদ্ধি করতে কাজ করা আমার দায়িত্ব। যেকোন ধরনের সহযোগীতার জন্য আমার কাছে আসলে আমি তোমাদের সহযোগীতা করতে প্রস্তুত"** -মো: আইয়ুব আলী, উখিয়া উপজেলা যুব উন্নয়ন র্কমর্কতা

উখিয়া উপজেলা যুব উন্নয়ন র্কমর্কতা, মো: আইয়ুব আলী বলেন "স্থানীয় জনগোষ্ঠীর যুবক যুবতীদের কারিগরি দক্ষতা বৃদ্ধি করতে কাজ করা আমার দায়িত্ব। যেকোন ধরনের সহযোগীতার জন্য আমার কাছে আসলে আমি তোমাদের সহযোগীতা করতে প্রস্তুত" ইউএনএইচসিআর এর সহযোগিতায় কোস্ট ফাউন্ডেশন কতৃক আয়োজিত এই সনদপত্র বিতরন অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। বক্তব্যের শুরুতে তিনি উপস্থিত প্রশিক্ষর্ণাথীদের ধন্যবাদ জানান যে তারা দীর্ঘ দুইমাস সফলভাবে প্রশিক্ষণ শেষ করেন। বক্তব্যে তিনি উপস্থিত প্রশিক্ষর্ণাথীদের যেকোন প্রয়োজনে সবসময় পাশে থাকবেন বলে জানান। তিনি আরো জানান, দীর্ঘদিন ধরে উখিয়া উপজেলার যুব উন্নয়ন র্কমর্কতার পদটি শুন্য ছিল, এর ফলে র্কাযত এখানকার শিক্ষিত র্কমহীন বেকার যুবক যুবতীরা অনেক সুফল থেকে বঞ্চিত হয়েছে।



## রোহিঙ্গা ক্যাম্পে যুবকদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

**“কোস্ট ফাউন্ডেশন এবং ইউএনএইসসিআর এর সহযোগীতায় রোহিঙ্গা ক্যাম্পের যুবকদের দক্ষতা উন্নয়নে তিনটি ভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান সম্পন্ন করেছে**




*nv‡Z Kj‡g ivRwgw¯¿i KvR wkL‡Q cwkÿYv_xiv| K¨v¤ú 1 I‡q÷| Qwe-RjwdKvi †nvmvBb*

কোস্ট ফাউন্ডেশন ইউএনএইচসিআর এর সহযোগিতায় সামাজিক সংযোগ প্রকল্পের আওতায় স্যোলার প্যানেল মেরামত এবং রক্ষণাবেক্ষন, রাজমিস্ত্রি এবং এলপিজি র্বানার মেরামত ও রক্ষনাবেক্ষন বিষয়ে প্রশিক্ষণ প্রদান শেষ হয়েছে। নভেম্বর, ২০২১ মাসে উক্ত প্রশিক্ষণ র্কাযকম শুরু হয়। ক্যাম্প ২২ এবং ১ ওয়েস্ট এ পৃথক চারটি ব্যাচের ট্রেনিং কার্যক্রমে মোট ৬০ জন রোহিঙ্গা যুবক এই প্রশিক্ষণে অংশ নিয়েছে। স্যোলার প্যানেল মেরামত এবং রক্ষণাবেক্ষন ৪০ জন, রাজমিস্ত্রি এ ১০ জন এবং এলপিজি র্বানার মেরামত ও রক্ষনাবেক্ষন এ ১০ জন এই প্রশিক্ষণ গ্রহন করছে। কোস্ট ফাউন্ডেশন এবং এআইটি (একাডেমি অব ইনফরমেশন টেকনোলোজি) এর মধ্যে সম্পাদিত চুক্তির ভিত্তিতে এআইটি উক্ত প্রশিক্ষণ র্কাযক্রম পরিচালনা করছেন। কোস্ট আশা করছে প্রশিক্ষণ শেষে প্রশিক্ষর্ণথীরা তাদের দক্ষতা কাজে লাগাতে পারবে। কারিগরি দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ ছাড়াও কোস্ট সামাজিক সংযোগ প্রকল্পের আওতায় ক্লাব সদস্যদের নেতৃত্বের সক্ষমতা জোরদার করতে এবং সামাজিক সংযোগ বৃদ্ধিতে কার্যকর ভূমিকা রাখতে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করছে। উল্লেখ্য যে, কোস্ট ২০২২ সালেও বিভিন্ন ট্রেডে যুবকদের দক্ষতা উন্নয়নমুলক প্রশিক্ষণ প্রদান করবে।

### কাজের লক্ষ্যমাত্রা ও র্অজন, ডিসেম্বর ২০২১

| কাজের নাম | লক্ষ্যমাত্রা | র্অজন |
|---|---|---|
| রোহিঙ্গা এবং স্থানীয় যুবকদের মধ্যে বন্ধু সভা | ২ | ২ |
| সামাজিক প্রকল্প বাস্তবায়ন | ৪ | ৪ |
| দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সনদপত্র বিতরন | ১ | ১ |
| রোহিঙ্গা যুবকদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | ৪ব্যাচ | ৪ব্যাচ |

2022 mv‡j †Kv÷ dvD‡Ûkb BDGbGBmwmAvi Gi mn‡hvMxZvq ivRvcvjs, †nvqvBK¨s, ýxjv Ges K¨v¤ú 1 B÷, 1 I‡q÷, 21, 26, 27 G KvR Ki‡e

## রোহিঙ্গা এবং স্থানীয় যুবকদের মধ্যে বন্ধু সভা

**সামাজিক সংযোগ এবং শান্তির্পূণ সহাবস্থান নিশ্চিত করতে উভয় জনগোষ্ঠীর যুবকদের মধ্যে বন্ধুসভার আয়োজন**



*eÜmfvq K_v ej‡Q GKRb †iwn½v heK| K¨v¤ú 1 I‡q÷|Qwe-kvnvRvnvb*

কোস্ট সামাজিক সংযোগ প্রকল্পের মাধ্যমে স্থানীয় এবং ক্যাম্প এলাকা উভয় ক্ষেত্রেই সামাজিক সংযোগ কার্যক্রমের সাথে বিভিন্ন শ্রেণীর অংশগ্রহণকারীদের যুক্ত করার জন্য কাজ করছে। কোস্ট ফাউন্ডেশন ইউএনএইচসিআর এর সহযোগিতায় সামাজিক সংযোগ প্রকল্পের আওতায় ২০২১ সালের ডিসেম্বর মাসে সামাজিক সংযোগ প্রকল্পের আওতায় ক্যাম্প ১ইস্ট এবং ২২ এ রোহিঙ্গা এবং স্থানীয় যুবকদের মাঝে ০২ টি বন্ধু সভা আয়োজন করে। সামাজিক দূরত্ব বজায় রেখে এবং কোভিড সংক্রমন রোধ ব্যবস্থা রেখে সভা সমূহ পরিচালনা করা হয়। বৈঠকে উভয়ই সহাবস্থান নিশ্চিত করার জন্য সামাজিক সংযোগ বৃদ্ধিতে করনীয় এবং এবং চ্যালেঞ্জসমূহ নিয়ে আলোচনা করে। অংশগ্রহণকারীরা তাদের নিজস্ব জনগোষ্ঠীর উন্নতির জন্য কীভাবে কাজ করবেন সে সম্পর্কে তাদের চিন্তাভাবনা এবং মতামত প্রদান করে। ৪০ জনেরও বেশি রোহিঙ্গা ও স্থানীয় যুবক সভায় অংশগ্রহন করনে। সভায় তারা ভবিষ্যতে সামাজিক সংযোগ বৃদ্ধিকরণে কাজ করার র্কমপরিকল্পনা তৈরি করেন।

**প্রয়োজনে আরো তথ্য ও যোগাযোগের জন্য**

COAST Foundation

**কোস্ট ফাউন্ডেশন কক্সবাজার কেন্দ্র, ফোন:০৩৪১-৬৩১৮৬, মোবাইল:০১৭১৩-৩২৪৮২৭**

**ইমেইল: Jahangir.coast@gmail.com, ওয়েবসাইড:** www.coastbd.net